

নম্বর: ০৫.৪৫.৬১০০.০১০.১৬.০১৮.২৩.৬

তারিখ: ১৭ পৌষ ১৪৩০

০১ জানুয়ারি ২০২৪

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন উপলক্ষে বাংলাদেশ নির্বাচন কমিশন, নির্বাচন কমিশন সচিবালয় এর ২৪ ডিসেম্বর ২০২৩ তারিখের ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৮.২৩-৮৩০ নং স্মারকের পরিপ্রেক্ষিতে এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এর ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের ৩৫.০০.০০০০.০২০.০০৯.০২৭.২১.৮৭৪নং স্মারকে সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৩২ ধারার ক্ষমতাবলে ময়মনসিংহ জেলার ১১ (এগার) টি সংসদীয় আসনের নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০৬ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ ঘটিকা হতে ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ ঘটিকা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো:-

(১) ট্যাক্সি ক্যাব	(২) পিক আপ	(৩) মাইক্রোবাস	(৪) ট্রাক
--------------------	------------	----------------	-----------

২। এছাড়া, ০৫ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ ঘটিকা হতে ০৮ জানুয়ারি ২০২৪ তারিখ মধ্যরাত ১২.০০ ঘটিকা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

৩। উপরোল্লিখিত নিষেধাজ্ঞা নিম্নবর্ণিত ক্ষেত্রে শিথিলযোগ্য:-

- আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সশস্ত্র বাহিনী, প্রশাসন ও অনুমতিপ্রাপ্ত পর্যবেক্ষকের চলাচলের যানবাহন;
- জরুরী সেবা কাজে নিয়োজিত যানবাহন এবং ঔষধ, স্বাস্থ্য-চিকিৎসা ও অনুরূপ কাজে ব্যবহৃত দ্রব্যাদি ও সংবাদপত্র বহনকারী সকল ধরনের যানবাহন;
- আত্মীয়-স্বজনের জন্য বিমানবন্দরে যাওয়া, বিমানবন্দর হতে যাত্রী বা আত্মীয়-স্বজনসহ নিজ বাসস্থানে অথবা আত্মীয়-স্বজনের বাসায় ফিরে যাওয়ার জন্য ব্যবহৃত যানবাহন (টিকিট বা অনুরূপ প্রমাণ প্রদর্শন) এবং দূরপাল্লার যাত্রী বহনকারী অথবা দূরপাল্লার যাত্রী হিসেবে স্থানীয় পর্যায়ে যাতায়াতের জন্য যে কোন যানবাহন;
- প্রতিদ্বন্দ্বী প্রার্থীর জন্য ১ টি, প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনি এজেন্ট (যথাযথ নিয়োগপত্র/পরিচয়পত্র থাকা সাপেক্ষে) এর জন্য ১ টি গাড়ী (জীপ, কার, মাইক্রোবাস ইত্যাদি ছোট আকৃতির যানবাহন) রিটার্নিং অফিসারের অনুমোদন ও গাড়ীতে স্টীকার প্রদর্শন সাপেক্ষে;
- সাংবাদিক, পর্যবেক্ষক অথবা জরুরী কোন কাজে ব্যবহৃত মোটর সাইকেল রিটার্নিং অফিসারের অনুমোদন সাপেক্ষে;
- নির্বাচন কমিশনের অনুমোদন সাপেক্ষে নির্বাচনি কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারি অথবা অন্য কোন ব্যক্তির জন্য মোটর সাইকেল;
- এছাড়া জাতীয় মহাসড়ক (Highways) ও জরুরী পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরী প্রয়োজনের ক্ষেত্রে এ নিষেধাজ্ঞা শিথিল থাকবে।

১-১-২০২৪

দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী

জেলা ম্যাজিস্ট্রেট

ফোন: +৮৮০৯১৬৫৭৭৭

ফ্যাক্স: ০৯১৬৬০৩৪

ইমেইল:

dcmymensingh@mopa.gov.bd

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩) সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা
- ৪) বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
- ৫) ডিআইজি, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ
- ৬) পুলিশ সুপার, ময়মনসিংহ
- ৭) অধিনায়ক, ৩৯ বিজিবি, ময়মনসিংহ
- ৮) উপপরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ
- ৯) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/ (শিক্ষা ও আইসিটি)/ (সার্বিক)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ময়মনসিংহ।
- ১০) কোম্পানী কমান্ডার, সিপিএসসি, র্‌যাব- ১৪, ময়মনসিংহ
- ১১) যুগ্ম পরিচালক, এনএসআই, ময়মনসিংহ
- ১২) সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ
- ১৩) উপজেলা নির্বাহী অফিসার(সকল), ময়মনসিংহ
- ১৪) সিনিয়র জেলা তথ্য অফিসার, ময়মনসিংহ (গণবিজ্ঞপ্তি নির্বাচনী এলাকায় বহল প্রচারের অনুরোধসহ)
- ১৫) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ময়মনসিংহ (গণবিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৬) অফিসার ইনচার্জ, থানা (সকল), ময়মনসিংহ
- ১৭) উপজেলা নির্বাচন কর্মকর্তা, (সকল), ময়মনসিংহ
- ১৮) সভাপতি/ সাধারণ সম্পাদক/সম্পাদক/ প্রকাশক,, ময়মনসিংহ



১-১-২০২৪

দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী
জেলা ম্যাজিস্ট্রেট